

অন্য এক

সিঁড়ি পেলেই সবাই কেমন ওপরে উঠতে ব্যস্ত
শুধু থমকে থাকে হাওয়া
ভাবনার সময় নেই মানুষের
যারা বিজ্ঞাপনে নিজের ছায়া দেখতে
ভালবাসে.....

এমনই ভালবাসায়
বিগ্নহের মাথায় দোলে চামর
বাহারী ফুলের সমারোহে
বরফ গলানো হাসি
সহস্রাব্দের সন্দিপুজো ঘিরে
কামনা ভেজা চোখের ভিড়

এ সবের ভিতরেও কেউ
প্রথম ধাপে এসে নেয় সময়
চুপিসারে বিছিয়ে দেয় নিজেকে
যেখানে ঘুমিয়ে থাকে
অবহেলার অক্ষরগুলো
মায়ের কোলে নিবিষ্ট শিশুর মতো.....

অজয় স্ব্বাস

